
# শয়তানকে প্রতিরোধের জন্য যীশু যেভাবে বাইবেলকে ব্যবহার করেছিলেন, সেভাবে বাইবেলকে ব্যবহার করুন


## ছোটদের বাইবেল অধ্যায়নের জন্য শিক্ষা দিন

শিশুদের বয়স এবং প্রয়োজনের সাথে মানানসই কার্যাবলী বাছুন।

**প্রার্থনা ঃ** ''প্রিয় প্রভু, এই অধ্যায়নকে তুমি এমনভাবে ব্যবহার কর যাতে তা শিশুদের পক্ষে তোমার বাক্যকে তাদের জীবন পথকে আলোকিত করতে এবং মান্য করতে সহজ হয়।''



**প্রাচীন তেলের প্রদীপ**



**কেরোসিন লন্ঠন**

''যীশুর প্রলোভন'' এই বিষয়ের উপর শিক্ষা দেবার জন্য মথি ৪ঃ১-১১ অংশটি অধ্যয়ন করুন। অংশটি আমাদের দেখায় যে কিভাবে ঈশ্বরের ইচ্ছাকে মেনে চলা যায় এবং শত্রুর প্রলোভনের উত্তর দেওয়া যায়। একজন বড় ছেলে-মেয়েকে অংশটি মুখস্থ বলার জন্য প্রস্তুত করুন। গল্পটি বলার পর এই প্রশ্নগুলি করুন। (প্রতি প্রশ্নের পর উত্তর গুলি দেওয়া হল)।

- যীশু কেন অত ক্ষুধার্ত হয়েছিলেন? (২ পদ দেখুন)
- কোন্ তিনটি পথে শয়তান যীশুকে প্রলোভিত করেছিল? (৩, ৬ ও ৯ পদ দেখুন)
- শয়তানের প্রতিটি পরীক্ষায় যীশু কিভাবে সাড়া দিয়েছিলেন? (তিনি বাইবেলের বাক্য দ্বারা উত্তর দিয়েছিলেন। ৪, ৭ ও ১০ পদ)
- যীশু কি বাইবেলের পদ মুখস্থ করেছিলেন? (হ্যাঁ)
- নিজ জীবনে প্রলোভনের মোকাবিলা করার ও সিদ্ধান্ত নেবার জন্য আমাদের নিজেদের কেমনভাবে প্রস্তুত করা উচিত? (আমাদের যীশুর উদাহরণ অনুসরণ করতে হবে। তিনি প্রার্থনা ও উপবাসে সময় কাটাতেন এবং তিনি শাস্ত্র জানতেন ও তা সারাজীবন মান্য করে চলতেন)

**ব্যাখ্যা** করুন যে শয়তান এখনও লোকেদের প্রলোভিত করার জন্য এই তিনটি পথ অনুসরণ করে চলেছে।

- পাথরকে রুটিতে পরিণত করা, এটা ছিল শয়তানের প্রথম প্রলোভন। শয়তান আমাদের নিজেদের দৈহিক প্রয়োজন গুলির বিষয় সদা চিন্তিত রাখতে প্রলোভিত করে। যীশু আমাদের শিক্ষা দিয়েছেন যে, আমাদের শারীরিক প্রয়োজনের বিষয় উদ্বিগ্ন হবার চেয়ে গুরুত্বপূর্ণ হল ঈশ্বরের বাক্যে বিশ্বাস স্থাপন ও মান্য করা।
- মন্দিরের চূড়া থেকে লাফ মারা এটা ছিল শয়তানকৃত যীশুর দ্বিতীয় পরীক্ষা। তাহলে লোকসমূহ যীশুর অত্যাশ্চর্য্য শক্তির প্রতি প্রশংসা করত এমন কি আমি ভুল করলেও লোকরা যাতে আমাকে পছন্দ করে বা অনুসরণ করে তার জন্য তাদের আনুগত্য লাভের নিমিত্ত শয়তান সর্বদা আমাদের প্রলোভিত করে। শাস্ত্র শিক্ষা দেয় যে আমরা যেন আর কাউকে নয়, কিন্তু ঈশ্বরকেই আমাদের জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তি রূপে বিবেচনা করি এবং যেন কখনো কোনও কিছুই আমাদেরকে তাঁর আরাধনা করা থেকে বিরত করতে না পারে।
- সমস্ত পৃথিবীর উপর আধিপত্য করা। এটা ছিল শয়তানের তৃতীয় প্রলোভন। আমাদের নিজ স্বার্থপর উদ্দেশ্যগুলির সিদ্ধির জন্য শয়তান আমাদের ক্ষমতা এবং প্রভাবের আশ্রয় নিতে প্রলোভিত করে। শাস্ত্র শিক্ষা দেয় যে, আমরা যেন সর্বদা ঈশ্বরের সেবা করি, এবং কখনো যেন ঈশ্বর বা অন্যদেরকে নিজেদের সেবায় নিয়োজিত না করি।

**ব্যাখ্যা** করুন ঈশ্বরের বাক্যকে উদ্ধৃত করার দ্বারা যীশু যেভাবে শয়তানের প্রলোভন সমূহের উত্তর দিয়েছিলেন, সেভাবে প্রতিটা খ্রীষ্ট বিশ্বাসীও যেন তা করে। আমাদের অবশ্যই বাইবেলকে গভীর ভাবে জানতে হবে, যেমন যীশু জানতেন আর তবেই আমরা পারব শয়তানের আক্রমণকে রুখতে।

যীশুর শয়তানকে প্রতিরোধের গল্পটির নাট্যরূপ দিন।

- প্রধান আরাধনা দলের নেতাদের নিয়ে অংশটি নাটক করে দেখাবার জন্য প্রস্তুতি নিন।
- বড় ছেলে-মেয়েদেরকে ছোটরা যখন প্রস্তুত হচ্ছে তখন সাহায্য করতে দিন।
- বড় ছেলেমেয়ে বা বয়স্কদের যীশুর, প্রলুব্ধকারীর এবং বর্ণনাকারকের ভূমিকায় পাঠ করতে দিন। বর্ণনাকারী গল্পটি সংক্ষেপ করবে এবং ছোটরা কখন কি করবে এবং বলবে তা স্মরণ করিয়ে দেবে।
- ছোট শিশুদের কাগজের তৈরী মুকুট পরিধানকারী করে রাখার ভূমিকায় এবং কাগজের তৈরী পক্ষ অথবা দুটো হাত দুদিকে ডানার মত প্রসারিত করে, স্বর্গদূতের ভূমিকায় অবতীর্ণ হতে দিন।

**বর্ণনাকারী ঃ** মথি ৪ঃ১-১১ অংশটি পড়বে এবং তারপর বলবে ''শুনুন যীশু কি প্রার্থনা করেছেন।''

**যীশু ঃ** ''পিতা, আমি আনন্দিত যে গত চল্লিশদিন যাবত আমি একান্তে তোমার সাথে কথা বলতে পেরেছি। এখন যদিও আমি ক্ষুধার্ত, তথাপি তার চেয়েও গুরুত্বপূর্ণ তুমি যে কাজ আমার জন্য রেখেছ তার জন্য নিজেকে প্রস্তুত করা।''

**প্রলুব্ধকারী ঃ** ''শোন ওহে ঈশ্বর পুত্র, তোমার ক্ষুধার্ত থাকার কোনও কারণই নেই। ঈশ্বর কখন তোমার প্রতি যত্ন নেবে কেন তার জন্য অপেক্ষা করছো? এই পাথরগুলিকে বল যেন তা রুটিতে পরিণত হয়।''

**যীশু ঃ** ''না কারণ মনুষ্য কেবলমাত্র রুটিতেই বাঁচেনা। আমাদের বেঁচে থাকার জন্য ঈশ্বরের বাক্যই একমাত্র দরকার।''

**প্রলুব্ধকারী ঃ** যীশুকে টেনে একটি চেয়ারের উপর তুলবে। তারপর বলবে ''নীচে তাকাও, তুমি এখন ধর্মধামের চূড়ায় আছো, তুমি নীচে লাফিয়ে পড়। দেখবে ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা অনুযায়ী তোমায় রক্ষা করবে।''

**যীশুঃ** ''না আমি ঈশ্বরকে এটা করতে বাধ্য করবো না। আমি তাঁরই সেবা করব এবং তিনি যা বলেন তাই-ই করবো কারণ বাইবেল বলে যে ঈশ্বরের পরীক্ষা করিও না।''

**প্রলুব্ধকারী ঃ** রাজাদের দিকে নির্দেশ করবে এবং বলবে ''ওই রাজাদের দিকে তাকাও। তুমি ওদের সবার উপর প্রভুত্ব করতে পারো। আর তার জন্য তোমায় যা করতে হবে তা হল ঈশ্বরকে ভুলে গিয়ে আমার সেবা কর। আর তা হলে তুমিই হবে সবচেয়ে শক্তিশালী শাসন কর্ত্তা।''

**রাজাবৃন্দ ঃ** প্রলুব্ধকারকের কাছে যাও এবং অবনত শিরে বল ''আপনার জয় হোক। আমাদের সেই ক্ষমতা দিন।''

**যীশু ঃ** রাজাবৃন্দ যতক্ষণ না যায়, ততক্ষণ অপেক্ষা করবে এবং তারপর প্রলুব্ধকারীকে ধাক্কা মেরে সরিয়ে দিয়ে বলবে, ''দূর হও শয়তান, শাস্ত্র বলে কেবলমাত্র ঈশ্বরকেই সেবা করবে, লোকে যাতে আমায় অনুসরণ এবং মান্য করে তারজন্য আমি তোমাদের ওই সমস্ত নিছক ধর্মীয় অনুশাসন মানতে পারব না।''

**প্রলুব্ধকারী ঃ** এই বলে, প্রস্থান করবে ''আমি আবার ফিরে আসবো।''

**দূতবৃন্দ ঃ** যীশুর কাছে যাবে এবং তাঁর চারপাশে তাদের বাহু বিস্তার করবে। বলবে, ''আপনার পিতা আমাদেরকে আপনার সেবার জন্য প্রেরণ করেছেন।''

**প্রশ্নাবলী ঃ** যদি ছোটরা এটি উপস্থাপন করে তবে তাদের ও বয়স্কদের সেইসব প্রশ্নগুলি করতে দিন যেগুলো এই অনুশীলনটির প্রারম্ভে দেওয়া আছে।

**কার্যাবলী ঃ** বাইবেলের সমস্ত পুস্তকের নামগুলি মুখস্থ করা। অথবা সম্ভব হলে সেগুলো গানের আকারেও করব যেতে পারে।

প্রদীপ উঁচুতে ধরে রাস্তায় হেঁটে চলেছে এরকম এক ব্যক্তির ছবি অঙ্কন করুন।

- ছোটদের সেটা অনুকরন করতে বলুন এবং পথের কাছে বিভিন্ন বিপদের বিষয় যোগ করুন। (দৈত্যগণ, দূরারোহ পাহাড়, ঝড়, অগ্নি)
- আরাধনা চালকালীন তাদেরকে সেগুলো বয়স্কদের দেখাতে দিন এবং বর্ণনা করতে বলুন যে প্রদীপের মত বাইবেলও কিভাবে প্রলোভন এবং সমস্যা সঙ্কুলতার মধ্যেও ঈশ্বরের পথে পরিচালনা করতে সাহায্য করে।

ঈশ্বর তাঁর বাক্যকে কিভাবে প্রদীপের মত ব্যবহার করেন আমাদেরকে মন্দতা এবং প্রলোভন থেকে বাঁচাতে সেই সম্পর্কিত অন্যান্য উদাহরণ সম্বন্ধে আলোচনা করুন। ছোটদেরকেও উদাহরণ দিতে দিন।

- **জিজ্ঞাসা করুন ঃ** মন্দকে এড়াতে কোন শাস্ত্রাংশটি আপনাকে সাহায্য করেছে?

**কবিতা অথবা গান ঃ** গীত সংহীতা ১১৯ঃ৯৭, ১০৩, ১০৫, ১১১ এবং ১১২ এই অংশগুলি থেকে কিছু বাচ্চাদেরকে গান অথবা আবৃত্তি করতে দিন।

মথি ৪ঃ৪ অংশে দত্ত যীশুর দ্বারা উক্ত বাক্য নিয়ে বড় ছেলেমেয়েদেরকে গান অথবা কবিতা লিখতে দিন।

সবাই একত্রে ২য় তিমথীয় ২ঃ১৫ পদটি মুখস্থ করবে।

**প্রার্থনা ঃ** ''পিতা, তোমার বাক্য আমাদের কাছে মূল্যবান রত্নের সমান। তোমার আত্মা আমাদেরকে সমস্ত প্রলোভন এবং মন্দতা থেকে রক্ষা করতে আমাদের অন্তরে সেই বাক্যসকল যেন ব্যবহার করতে পারে।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net